

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট: [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার লেটার নং-০২/২০১২

তারিখ : ১১ বৈশাখ, ১৪১৯  
২৪ এপ্রিল, ২০১২

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল তফসিলি ব্যাংক,

প্রিয় মহোদয়,

**প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মনোনয়নের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী।**


মানিলভারিং প্রতিরোধ বিভাগের ১৭ জুলাই, ২০০২ তারিখের মাঃলঃপ্রঃ সার্কুলার-২ এর অনুচ্ছেদ ২(গ) এ প্রত্যেক ব্যাংকের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা/Chief Anti Money Laundering Compliance Officer (CAMLCO) হিসেবে একজন 'উর্ধ্বতন কর্মকর্তাকে' মনোনয়নের নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, 'উর্ধ্বতন কর্মকর্তা' বলতে ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার পরবর্তী দুই (২) ধাপ পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণ বিবেচিত হবেন। উপরন্তু, বিদেশী ব্যাংকের ক্ষেত্রে প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে অবশ্যই Management Committee (ManCom) এর সদস্য হতে হবে। উল্লেখ্য, Guidance Notes on Prevention of Money Laundering এর অনুচ্ছেদ ৪.১.৫ এ উল্লিখিত Deputy CAMLCO হিসেবে ন্যূনপক্ষে 'সহকারী মহাব্যবস্থাপক (AGM)' অথবা 'ভাইস প্রেসিডেন্ট (VP)' অথবা সমপদমর্যাদার এক বা একাধিক কর্মকর্তাকে' মনোনয়ন প্রদান করা যাবে।

উল্লেখ্য, বাণিজ্যিক ব্যাংকসমূহের CAMLCO ও Deputy CAMLCO নির্বাচনের ক্ষেত্রে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধি-বিধান, বিএফআইইউ এর সকল নির্দেশনা ও এতদ্বিষয়ে আন্তর্জাতিক মানদণ্ডসমূহের উপর মনোনীত কর্মকর্তার সম্যক ধারণা থাকা বাঞ্ছনীয় হবে।

উপর্যুক্ত নির্দেশনা অনুসরণপূর্বক মনোনীত CAMLCO ও Deputy CAMLCO-দের হালনাগাদ তথ্যাদি আগামী ১৫ (পনের) দিনের মধ্যে অত্র ইউনিটকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে। ভবিষ্যতে মনোনয়ন পরিবর্তনের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনা অনুসরণপূর্বক অবিলম্বে অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

প্রতিলিপি নং- বিএফআইইউ-১/৪/২০১২-১৭১৭

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৩. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।



(মোহাম্মদ আবদুর রব)

উপ পরিচালক

ফোন : ৭১২৬১০১-১৪/২৪৮৯

ই-মেইল: [abdur.rab@bb.org.bd](mailto:abdur.rab@bb.org.bd)